চুয়াডাঙ্গায় বইছে শৈত্যপ্রবাহ, আরো কমবে তাপমাত্রা

গুঁড়ি গুঁড়ি বৃষ্টি আর মাঘের শীতে কাঁপছে চুয়াডাঙ্গা। আজ বুধবার (২৪ জানুয়ারি) সকালে জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ ডিগ্রি সেলসিয়াস। একইসঙ্গে বইছে মৃদু শৈত্যপ্রবাহ। এর আগে, গতকাল মঙ্গলবার (২৩ জানুয়ারি) জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। তবে আরো কমতে পারে তাপমাত্রা।

কুয়াশাচ্ছন্ন পরিবেশে সকাল ৯টার দিকে কোনো রকম সূর্যের দেখা মিললেও তাতে নেই তাপ। দুপুরের পর গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হয়েছে ফলে উত্তরের হিমেল হাওয়ায় শীতের তীব্রতা বাড়িয়েছে বহুগুন। হাড় কাঁপানো এই শীতে হাসপাতালগুলোতে বাড়ছে ঠান্ডাজনিত রোগীর সংখ্যা। যাদের অধিকাংশই শিশু ও বৃদ্ধ।

চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের সিনিয়র পর্যবেক্ষক রাকিবুল হাসান জানান, বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) থেকে তাপমাত্রা আবার কমে আসবে। ওদিন রাতে গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তীব্র শীতে চুয়াডাঙ্গায় গত দুইদিন প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে এর উল্টো চিত্র বেসরকারি বিদ্যালয়গুলোতে। আগের নিয়মেই চলছে এসব প্রতিষ্ঠান। তবে শিক্ষার্থী উপস্থিতি একেবারেই নেই।

জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান জানান, উপপরিচালক ও স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে সমন্বয়ে স্কুল বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। তাপমাত্রা কম থাকলে বৃহস্পতিবারও বন্ধ থাকবে জেলার ১৮০টি মাধ্যমিক বিদ্যালয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান জানান, গত দুইদিন জেলার সব প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। তাপমাত্রা কম থাকায় এমনিতেই স্কুলে শিক্ষার্থী উপস্থিতির হার খুবই কম।

হার্ট সুস্থ রাখতে যেভাবে নিবেন মুখের যত্ন

হৃৎপিণ্ড অবিরাম কাজ করে আমাদের বাঁচিয়ে রাখছে। এটিকে আমরা সবাই সুস্থ রাখতে চাই। তবু বুঝে না বুঝে এর ওপর অত্যাচার করি। এ কারণে বিশ্বে কার্ডিয়াক বা হৃদরোগীর সংখ্যা বাড়ছে। হৃদরোগ হওয়ার পেছনে নানা কারণের পাশাপাশি দীর্ঘমেয়াদি মাড়ি রোগের সম্পৃক্ততা পাওয়া গেছে।

অনেকে এমনটা বিশ্বাস করেন না, কারণ মুখের মধ্যকার সংক্রমণ হার্টে বা রক্তবাহিকাকে প্রভাবিত করে। মাড়ি বা দাঁতের গোড়ার সংক্রমণ সহজেই রক্তবাহিকার সঙ্গে মিশে শরীরের যে কোনো অঙ্গকে ক্ষতিগ্রস্ত করতে পারে আর হার্ট যেহেতু রক্ত প্রবাহ নিয়ন্ত্রণ করে তাই এর ঝুঁকিটাও বেশি যেমন-

করোনারি আর্টারি ডিজিজ ও স্ট্রোক

মাড়ি রোগ থেকে জীবাণু ও তাদের তৈরি ক্ষতিকর পদার্থ রক্তবাহিকার মধ্যে সঞ্চালিত হতে পারে। ফলে যাদের উচ্চরক্তচাপ, অনিয়ন্ত্রিত ডায়াবেটিস, রক্তে অতিরিক্ত কলস্টেরল, ধূমপায়ী, বাতজ্বর, কৃত্রিম ভাল্ব, জš§গত হার্টের রোগ, দৈহিক পরিশ্রম কম হয় তাদের রক্তনালির মধ্যকার স্থানটি চিকন করতে শুরু করে, যাকে অ্যাথেরোস্ক্লেরোসিস বলা হয়। এর ফলে হৃৎপিণ্ড পর্যাপ্ত রক্ত বা অক্সিজেন পায় না, তখন নানা জটিলতা তৈরি হয়।

সঠিক সময় চিকিৎসা না পেলে হার্ট অ্যাটাক হতে পারে। সুনির্দিষ্ট ব্যাখ্যা না থাকলেও মাড়ি রোগ থাকলে অ্যানজাইনা ও হার্ট অ্যাটাকের ঝুঁকি দুই থেকে তিন ভাগ বেশি দেখা যায়। একই কারণে মস্তিষ্কে রক্ত সঞ্চালন কমে গিয়ে স্ট্রোকের মতো জটিলতার তৈরি করতে পারে।

আরও পড়ুন: যেসব লক্ষণে বুঝবেন পাইলস, কী করবেন

হার্টে সংক্রমণ বা প্রদাহ

মাড়ির প্রদাহ থেকে ব্যাকটেরিয়া হার্টের অতি গুরুত্বপূর্ণ ভাল্বগুলোকে আক্রান্ত করতে পারে। গবেষণা বলে মাড়ির

ব্যাকটেরিয়াকে হার্টের ভাল্বেও পাওয়া গেছে। যাদের কৃত্রিম ভাল্ব সংযোজিত বা রোগ প্রতিরোধ ক্ষমতা কম তাদের মুখের যত্নে কোনো অবহেলার সুযোগ নেই। হার্টের ভেতরকার স্তরের প্রদাহ বা অ্যান্ডোকার্ডাইটিসের সঙ্গে মাড়ির রোগের যোগসূত্র পাওয়া যায়, দীর্ঘমেয়াদি মাড়ির প্রদাহ থেকে রক্তে সিথরিঅ্যাক্টিভ প্রোটিন পাওয়া যায়।

অন্যদিকে হার্টের ব্যথা নিচের চোয়ালে অনুভব হওয়ার অনেক ইতিহাস ইতোমধ্যে প্রমাণিত হয়েছে। হার্টে অক্সিজেনের ঘাটতি হলে সেখান থেকে ব্যথা চোয়ালে ও দাঁতে অনুভব হতে পারে, বিশেষ করে মেয়েদের হার্টের ব্যথা বাম দিকের নিচের দাঁতে ও চোয়ালে অনুভূত হতে দেখা যায়।

বিষয়টি শনাক্ত না হলে অপূরণীয় ক্ষতির আশঙ্কা থাকে। মুখের স্বাস্থ্যের সঙ্গে হৃৎপিণ্ডের সুস্বাস্থ্য জড়িত, সুতরাং হার্টকে সবল রাখতে ও মুখের স্বাস্থ্য নিশ্চিত করতে সচেষ্ট হতে হবে।

আরও পড়ুন: চুল কেন পড়ে

উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণে কিছু ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়ায় মুখ শুষ্ক বা মাড়ি ফুলে যাওয়ার আশঙ্কা আছে, রক্ত তরলকরণ ওষুধ সেবনেও মাড়ি দিয়ে রক্ত পড়তে পারে, এমনটা হলে দ্রুত ডেন্টাল চিকিৎসকের পরামর্শে কারণ নিশ্চিত হয়ে ওষুধের বিষয় নিয়ে হৃদরোগ বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ জরুরি, তানা হলে মুখের স্বাস্থ্য হুমকিতে থাকে ।

– সকালে নাস্তা ও রাতে খাবার পর দু’মিনিট ধরে দাঁতের পাঁচটি পৃষ্ঠ (সামনের, ভেতরের, চর্বনে

ব্যবহৃত ও পাশাপাশি দু’দাঁতের মধ্যবর্তী পৃষ্ঠ) নিয়ম মেনে পরিষ্কার করতে হবে। দু’দাঁতের মধ্যে খাবার জমলে সাধারণ টুথ ব্রাশে এগুলো পরিষ্কার হয় না, টুথপিক বা কাঠির পরিবর্তে বাজারজাত ডেন্টাল ফ্লস বা ইন্টার ডেন্টাল ব্রাশ ব্যবহার করতে হবে।

– চিকিৎসকের পরামর্শে প্রয়োজনে মাউথ ওয়াশ ব্যবহার।

– ব্রাশের পর আঙুল দিয়ে আলতো করে মাড়ি ম্যাসাজ ও জিহ্বা পরিষ্কার।

– চিনির তৈরি খাবারকে কমাতে হবে, চিনিকে সাদা বিষ হিসাবে

আখ্যায়িত করা হয়, মিষ্টিজাতীয় খাবার যেমন চকলেট, আইসক্রিম, বিস্কুট, কমল পানীয়, আলুর চিপস্, কেক এসবই মুখের ও শরীরের জন্য অস্বাস্থ্যকর, এ ধরনের খাবারকে কমিয়ে মৌসুমি ফরমালিনমুক্ত তাজা ফল, শাকসবজি, দুধ, টকদই, ডিম, সামুদ্রিক মাছ, ছোট মাছে উৎসাহিত হতে হবে। পর্যাপ্ত পুষ্টি মুখের স্বাস্থ্যকে উন্নত রাখে।

– শরীরের অন্য রোগ যেমন ডায়াবেটিস, রক্তচাপ, গ্যাস্ট্রিক অ্যাসিডিটি ইত্যাদিকে নিয়ন্ত্রণে রাখতে হবে।

– প্রতিদিন নিয়ম করে ৩০ থেকে ৪৫ মি. ব্যায়াম বা দ্রুত হাটতে হবে।

– ছয় মাস অন্তর বা মুখের মধ্যে যে কোনো অস্বাভাবিকতায় অনুমোদিত বিডিএস ডিগ্রিধারী চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

– ধূমপান ও পান জর্দামুক্ত থাকতে হবে।

– চিকিৎসকের পরামর্শ ছাড়া ওষুধ সেবন ক্ষতির কারণ হতে পারে।

লেখক: রাজ ডেন্টাল সেন্টার, কলাবাগান, ঢাকা ও সদস্য সচিব, বিএফডিএস

গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ে শীতকালীন পিঠা উৎসব অনুষ্ঠিত

গ্রামবাংলার শীতের আলাদা ঐতিহ্য রয়েছে। আর সেই ঐতিহ্য হচ্ছে গ্রামবাংলার মায়েদের হাতের পিঠাপুলির। শীত এলেই পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায় বাংলার প্রতিটি গ্রামে গ্রামে। সেই পিঠাপুলির মধুর ঘ্রাণেই মুখরিত মেহেরপুরের গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ।

আজ বুধবার বিদ্যালয় মাঠে সকাল ১০টার সময় শুরু হয়েছে পিঠা উৎসব। গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষার্থীরা যৌথ ভাবে এ উৎসবের আয়োজন করেছে।

সকালে ঢাক-ঢোলের বাদ্যের সঙ্গে বর্ণিল বেলুনের সাজে ফিতা কেটে দিনব্যাপী এ উৎসবের উদ্বোধন করেন,মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

পিঠা উৎবস পরিদর্শন করেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক,গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রিতম সাহা,সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম,থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) তাজুল ইসলাম প্রমুখ।

পিঠা উৎসবের আয়োজক গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান বলেন, গ্রামীণ সংস্কৃতি আমাদের সংস্কৃতির প্রধান জায়গা। সেই গ্রামীণ সংস্কৃতির অন্যতম উপাদান পিঠাপুলি। এ পিঠাপুলি নিয়ে প্রতিবারের মতো এবারও আমাদের বিদ্যালয়ে অনুষ্ঠিত পিঠা উৎসব আমাদেরকে সেই শেকড়ের সংস্কৃতির কথা মনে করিয়ে দেয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, এটা শুধু একটি উৎসব নয়, এটা নাগরিক জীবনের যান্ত্রিকতার মাঝে নির্মল আনন্দের খোরাকও। নাগরিক ও ভোগবাদী সমাজের সংস্কৃতিতে এই উৎসব আবহমান বাংলার সংস্কৃতির চিরন্তন উপাদান তুলে ধরার এ আয়োজন অত্যঅন্ত গুরুত্ব¡ বহন করে।

ইবম শ্রেনীর শিক্ষার্থী সিনথিয়া বলেন, বাঙ্গালীর অনেক পিঠা আছে যার নাম আমরা জানিনা। পিঠা কিভাবে তৈরী করে তাও জানিনা। বিদ্যালয়ে পিঠা উৎসবে অংগ্রহনের জন্য মায়ের সাথে পিঠা তৈরী করেছি। আমাদের স্টলে রয়েছে ১৫ রকমের বিভিন্ন স্বাদের পিঠা যা গ্রামবাংলার ঐতিহ্য বহন করে।

অষ্টম শ্রেনীর শিক্ষার্থী মেরিনা জানায়, আমরা এখন থেকে উৎসবের ,মধ্যে সীমাদ্ধ না থেকে মাঝে মধ্যেই মায়েরা যখন পিঠা পুলি তৈরী করবে তখন মনোযোগ সহকারে তা শিখে রাখার চেষ্টা করছি। যাতে মায়েদের অবর্তমানে আমরাও পরিবারকে শীত এলেই পিঠা তৈরী করে খাওয়াতে পারি।

পিঠা উৎসব ঘুরে দেখা যায়, পিঠার স্টলগুলো জমেছে । বন্ধু- স্বজনদের নিয়ে অনেকেই এসেছিলেন বিদ্যালয় প্রাঙ্গণে গ্রামবাংলার পিঠার স্বাদ নিতে। বেশিরভাগ মানুষেরই আগ্রহের পিঠা ছিল মিষ্টি ও ঝাল জাতীয়। তবে ঝাল-টক পিঠাতেও ছিল না অরুচি। ১৬টি স্টলে প্রায় শতাধিক’ পদের পিঠা নিয়ে সাজানো হয়েছে দেশের বিভিন্ন শ্রেনীর শিকক্ষার্থীরা। যার মধ্যে ছিল- ভাপা পিঠা, চিতই পিঠা, দুধ চিতই

পিঠা, ঝাল পিঠা, মালপোয়া, মেড়া পিঠা, মালাই পিঠা, মুঠি পিঠা, আন্দশা, কুলশি, কাটা পিঠা, কলা পিঠা, খেজুরের পিঠা, ক্ষীরকুলি, গোকুল পিঠা, গোলাপ ফুল পিঠা, লবঙ্গ লতিকা, রসফুল পিঠা, সুন্দরী পাকান, সরভাজা, পুলি পিঠা, পাতা পিঠা, পাটিসাপটা, পাকান পিঠা, নারকেলের সেদ্ধ পুলি, নারকেল জিলাপি, তেজপাতা পিঠা, তেলের পিঠা, তেলপোয়া পিঠা, চাঁদ পাকান পিঠা, ছিট পিঠা, পানতোয়া, জামদানি পিঠা, হাঁড়ি পিঠা, ঝালপোয়া পিঠা, ঝুরি পিঠা, ছাঁচ পিঠা, ছিটকা পিঠা, বিবিখানা, চুটকি পিঠা, চাপড়ি পিঠা, ঝিনুক পিঠা, সূর্যমুখী পিঠা, ফুল পিঠা, বিবিয়ানা পিঠা, সেমাই পিঠা, নকশি পিঠা, নারকেল পিঠা, নারকেলের ভাজা পুলি, দুধরাজ, ফুলঝুরি পিঠাসহ আরও বাহারি সব নামের পিঠা।

পিঠা উৎসবে যোগ দিয়ে সাংসদ সদস্য আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর বলেন, দেশের ঐতিহ্যবাহী সংস্কৃতির অন্যতম উপাদান গ্রামীণ সংস্কৃতির পিঠাপুলি। নাগরিক জীবনে যখন সবকিছু যান্ত্রিকতায় আবদ্ধ হয়ে পড়েছে, সীমিত হয়ে পড়ছে আমাদের মানবিক বোধ তখন আমাদের সেই গ্রামীণ সংস্কৃতির অনন্য এই উপাদান পিঠা উৎসব নতুন করে জানান দেয় বিদেশি খাবারের মধ্যেও গ্রামীণ নারীদের হাতের তৈরী পিঠা পুলির স্বাদ এখনও অটুট রয়েছে। শিক্ষার্থীরা তাদের মায়ের সাথে বসে পিঠা তৈরী করেছে। এতে নতুন প্রজম্নের কাছেও নাম না জানা পিঠা পুলি পরিচিতি পাচ্ছে। এমন আয়োজন বারংবার ফিরে আসুক গ্রামবাংলার প্রতিঠি ঘরে ঘরে।

গাংনীতে মৎস্যচাষ ব্যবস্থাপনার প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় দুই দিনব্যাপি উন্নত ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান ও গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার কর্মকর্তাবৃন্দ ও মৎস্য চাষীসহ মাছ চাষে সফল খামারি।

এ সময় মাছ চাষ ব্যবস্থাপনা, গুণগত মানসম্পন্ন মাছের বৈশিষ্ট্য, মাছ চাষে সরকারের নানা পদক্ষেপ ও সফলতা, দেশী মাছ চাষের গুরুত্ব, উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, পুকুর ব্যবস্থাপনা ও মজুদকালীন ব্যবস্থাপনা, পুকুর পাড়ে চাষযোগ্য সবজি ও এর উপকারিতা নিয়ে আলোচনা, প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, সমন্বিত মাছ চাষের উপকারিতাসহ চাষ সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

ঝিনাইদহে অনূর্ধ্ব ১৫ ফুটবলার বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় ডেভলপমেন্ট কাপ ফুটবল বালক (অনূধর্ব-১৫) বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়।

সেসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলার চেয়ারম্যান (ভারঃ) রাশিদুর রহমান রাসেল, জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার প্রমূখ।

ঢাকায় নিয়োগ দেবে কর্ণফুলী গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে কর্ণফুলী গ্রুপ। প্রতিষ্ঠানটিতে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।
পদের নাম
অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার।
যোগ্যতা
প্রার্থীকে ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) পাস হতে হবে।
কর্মস্থল
ঢাকা।
বেতন
আলোচনা সাপেক্ষে।
আবেদনের প্রক্রিয়া
প্রার্থীদের বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের শেষ তারিখ
৩১ জানুয়ারি, ২০২৪
সূত্র : বিডিজবস

বাংলাদেশি বংশোদ্ভূত নাজরিন চৌধুরী অস্কারে মনোনয়ন পেলেন

ব্রিটিশ আমেরিকান চিত্রনাট্যকার, পরিচালক ও বাংলাদেশি বংশোদ্ভূত অভিনেত্রী নাজরিন চৌধুরী চলচ্চিত্র দুনিয়ার সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার অস্কারের ৯৬তম আসরে মনোনয়ন তালিকায় জায়গা পেয়েছেন। ‘রেড, হোয়াইট অ্যান্ড ব্লু’-এর জন্য তিনি মনোনয়ন পেয়েছেন। ছবিটি প্রযোজনা করেছেন নাজরিন চৌধুরী ও সারা ম্যাকফারলেন। এতে হলিউড অভিনেত্রী ব্রিটানি স্নোও অভিনয় করেছেন।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে মনোনয়ন তালিকা ঘোষণা করেন জার্মান-আমেরিকান অভিনেত্রী জাসি বিটস ও আমেরিকান অভিনেতা জ্যাক কুয়েড। তার আগে স্বাগত বক্তব্য রাখেন অ্যাকাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেসের সভাপতি জ্যানেট ইয়াং। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলসে অ্যাকাডেমির স্যামুয়েল গোল্ডউইন থিয়েটার থেকে এই আয়োজন সরাসরি দেখানো হয়েছে অস্কারের দুই ওয়েবসাইট (অস্কার ডটকম, অস্কারস ডট ওর্গ) এবং ডিজিটাল প্ল্যাটফর্মে (টিকটক, ইনস্টাগ্রাম, ইউটিউব, ফেসবুক)।

স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটির গল্প যুক্তরাষ্ট্রের আরকানসাস রাজ্যের বাসিন্দা র্যা চেল নামের একজন সিঙ্গেল মাকে কেন্দ্র করে। তার দুই সন্তান আছে। তিনি পেশায় ওয়েট্রেস। আরকানসাসে গর্ভপাত নিষিদ্ধ থাকায় অন্যত্র গিয়ে এই প্রক্রিয়া সম্পন্নের জন্য টাকা জোগাড় করতে হবে।

অ্যামাজন প্রাইমের ‘জ্যাক রায়ান’ সিরিজের ১টি, বিবিসি ওয়ানের ‘ইস্টএন্ডার্স’ সিরিজের ২টি, এএমসি চ্যানেলের ‘ফিয়ার অ্যান্ড ওয়াকিং ডেড’ সিরিজের আটটি পর্ব লিখেছেন নাজরিন চৌধুরী। এছাড়া বেশ কয়েকটি টিভি অনুষ্ঠানের চিত্রনাট্যকার হিসেবে কাজ করে অভিজ্ঞতা অর্জন করেছেন তিনি। এবার ‘রেড, হোয়াইট অ্যান্ড ব্লু’র মাধ্যমে পরিচালক হিসেবে যাত্রা শুরু হলো তার।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে দুই ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে অভিযান চালিয়ে অননুমোদিতভাবে চাউল মজুত করার অপরাধে দুই ব্যবসায়ীর ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার।

বুধবার দুপুরে মেহেরপুরের ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। দণ্ডিতরা হলেন- আমঝুপি বাজারের চাউল ব্যবসায়ী আমজাদ হোসেন ও আব্বাস আলী।

সজল আহমেদ বলেন, আমঝুপি বাজারের মেসার্স আমজাদ খাদ্য ভান্ডার নামের লাইসেন্স বহির্ভূতভাবে প্রায় ৩ হাজার বস্তা অবৈধভাবে চাউল মজুদ, চাউলের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়সহ বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: আমজাদ হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও ৫১ ধারায় ৩০ হাজার টাকা এবং মেসার্স আব্বাস খাদ্য ভান্ডার নামের আরও একটি প্রতিষ্ঠানের মালিক আব্বাস আলীকে একই আইনের ৩৮ ও ৪৫ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাদেরকে ১৫ দিনের মধ্যে সমস্ত চাউল বিক্রি করার নির্দেশ দেয়া হয়।

অভিযান চলাকালে জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুর রাজ্জাক, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম সহযোগীতা করেন।

প্রসঙ্গত, গত মঙ্গলবার সদর উপজেলার বামনপাড়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে চাউল মজুদের দায়ে এক ব্যবসায়ীকে ১৫ হাজার টাকা জরিমানা করে।

সিরিয়ার কাছে হেরে এশিয়ান কাপ থেকে ভারতের বিদায়

কাতারে অনুষ্ঠানরত এএফসি এশিয়ান কাপ ফুটবলে উপমহাদেশের একমাত্র দল ছিল ভারত। টুর্নামেন্ট থেকে সেই ভারত কাল বিদায় নিয়েছে। সিরিয়ার বিপক্ষে ১-০ গোলে হেরে ভারতের বিদায় নিশ্চিত হয়ে গেল। এই ম্যাচে মাঠে নামার আগে ভারতের অধিনায়ক সুনীল ছেত্রী বলেছিলেন-ফিফার র্যাংকিংয়ে ১১ ধাপ ওপরে থাকা সিরিয়ার বিপক্ষে ১২০ ভাগ শক্তি দিয়ে লড়াই করবেন। লড়াইটা ঠিকই করেছিলেন সুনীলরা। ৭৫ মিনিট পর্যন্ত সিরিয়াকে ঠেকিয়ে রাখে ভারত। ৭৬ মিনিটে ভারত গোল হজম করে। একমাত্র গোলটি করেন সিরিয়ার ওমর। আর তাতেই ভারতের স্বপ্ন ভেঙে যায়।

২০২২ বিশ্বকাপ আয়োজকের দেশ কাতার থেকে পাট চুকিয়ে ঘরে ফেরার পথে ভারত। অস্ট্রেলিয়া এবং উজবেকিস্তানের পর সিরিয়ার কাছে পরাস্ত ভারত গ্রুপ পর্বে টানা তিন ম্যাচ হারল। এশিয়ান কাপের শেষ ষোলোয় উঠে গেল সিরিয়া। সাত বছর পর এই টুর্নামেন্টের কোনো ম্যাচ জিতল সিরিয়া। ভারত এবং সিরিয়া, এই দুই দলই একটিও ম্যাচ না জিতে গতকাল কাতারের আল বায়াত স্টেডিয়ামে লড়াইয়ে নেমেছিল।

শুরু থেকেই সুনীলদের চাপে ফেলেন সিরিয়ার আক্রমণভাগ। মুহুর্মুহু আক্রমণে দিশেহারা হয়ে যায় ভারতীয় ডিফেন্স। গোলরক্ষক গ্রুরপ্রীত সিং সান্ধুর কারণে কয়েক বার নিশ্চিত গোলের হাত থেকে বেঁচে যায় ভারত। হাজার আক্রমণ করেও গোলমুখ খুলতে পারেনি সিরিয়া। তবে দ্বিতীয়ার্ধে চাপ আরও বাড়িয়ে গোল পায়। ম্যাচে নামার আগেই সুনীল স্বীকার করেছিলেন, গোল করতে না পারাটা তাদের দলের কাছে বড় সমস্যা।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে দুই দিনব্যাপি নতুন জাতের ফসল চাষ পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত কৃষিখাত এর আওতায় দুই দিনব্যাপি উচ্চমূল্য ও উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ ও পরিবেশ বান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চ মূল্যের ফসল চাষ প্রচলন বিষয়ক শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণে অংশ নেন ২৫ জন কৃষানি।

আজ মঙ্গলবার সকালে অনুষ্ঠিত প্রশিক্ষণটি পলাশীপাড়া শাখা কার্যালয়ের হলরুমে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল এবং উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ ইমরান হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার সহকারী পরিচালক মোহাঃ সাইফুল ইসলাম, সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং সফল খামারি।

এ প্রশিক্ষণে বিভিন্ন উচ্চফলনশীল ফসলের জাত পরিচিতি ও মৌসুম, বীজ বাছাই, বীজ শোধন ও জাগ দেয়া, বীজতলা তৈরী, বীজতলায় বপন, বীজতলা পরিচর্যা, চারা উঠানো, চারা বহন, রোপনের জন্য জমি তৈরী, চারা রোপন, জৈব সার প্রয়োগ, ডলোচুন ব্যবহার, ব্রি-হাইব্রিড ধানের চাষ পদ্ধতি, আগাছা দমন ও সেচ ব্যবস্থাপনা, ধানে অতিরিক্ত চিটা হওয়ার কারণ ও প্রতিকার, ধান কাটার সময়, মাড়াই এবং সংরণ, ধানের বীজ সংরণ, উচ্চমূল্য ও উচ্চফলনশীল বিভিন্ন ফসল (লালবাঁধা কপি, ব্রকলি, ক্যাপসিকাম, বেবি তরমুজ ইত্যাদি) চাষ সংক্রান্ত এবং অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।